**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-09-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**GOVERNOR:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ হলো নতুন ও উন্নত ভারত গড়ার মূল ভিত্তি। গতকাল মোহনপুর মহকুমার ইকফাই ইউনিভার্সিটির ২১তম সমাবর্তন অনুষ্ঠানের প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন ।রাজ্যপাল বলেন, শিক্ষার্থীদের তাদের সামগ্রিক বিকাশ ও ভবিষ্যৎ সাফল্যের জন্য ব্যবহারিক ও দক্ষতাভিত্তিক শিক্ষার ওপর জোর দিতে হবে। তিনি ইকফাই বিশ্ববিদ্যালয়কে ব্যবহারিক শিক্ষার ওপর গুরুত্ব অব্যাহত রাখার আহ্বান জানান, যাতে শিক্ষার্থীরা দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত হতে পারে।রাজ্যপাল আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উন্নত ভারত গড়ার লক্ষ্যে 'বিকশিত ভারত ২০৪৭'-এর ডাক দিয়েছেন। রাজ্য সরকারও 'বিকশিত ত্রিপুরা ২০৪৭'-এর কর্মপরিকল্পনা রূপায়ণের মাধ্যমে বিকশিত ভারত গড়ার কাজে সামিল হয়েছে।

********************

**ADC:**

এডিসি’র ভিলেজ কমিটি নির্বাচনে মোট ১৬৪০ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। এর মধ্যে রয়েছে বিজেপির ৮১ জন, তিপরা মথার ১৫৫৭ জন, সিপিআইএমের ১ জন এবং অন্যান্য ১ জন। আগামী ২৮ সেপ্টেম্বর ৫৮৭টি ভিলেজ কমিটির মোট ৪৫৯৭ টি আসনের মধ্যে ২৯৫৭ টি আসনে ভোট গ্রহণ করা হবে।

**************

**BRICS Summit.  P.M.**

নতুন দিল্লিতে আয়োজিত ব্রিকস সম্মেলনে ব্রিকসভুক্ত দেশগুলো সর্বসম্মত ভাবে নতুন দিল্লি ঘোষনা গ্রহন করেছে। নতুন দিল্লির ভারত মন্ডপমে অনুষ্ঠিত ব্রিকস সম্মেলনের প্রথম দিনেই গতকাল নতুন দিল্লি ঘোষনা গ্রহনে ব্রিকস দেশগুলো একমত হয়েছে। সম্মেলনের প্রথম দিনের অধিবেশনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নতুন দিল্লি ঘোষনা গ্রহণ করার প্রস্তাব করেন।

সমাপ্তি ভাষণে প্রধানমন্ত্রী জানান, নতুন দিল্লি ঘোষণা, সদস্য দেশগুলোর যৌথ সংকল্পের জন্য একটি স্পষ্ট দিশা দিচ্ছে ।তিনি আরও বলেন, এখন এই সিদ্ধান্তগুলো বাস্তবে রূপান্তরিত করা সদস্য দেশগুলোর যৌথ দায়িত্ব।

প্রধানমন্ত্রী আরো বলেন, আলোচনায় এটা স্পষ্ট হয়েছে যে, পরিবর্তনশীল বিশ্বকে পুরনো প্রতিষ্ঠানগুলোর দ্বারা পরিচালনা করা সম্ভব নয় এবং তিনি জোর দিয়ে বলেছেন যে প্রতিনিধি ব্যবস্থা, এবং নিয়ম তৈরি করার ক্ষেত্রে সংস্কার সাধনকরা অপরিহার্য হয়ে উঠেছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আরও বলেন, ব্রিকস নেতারা এই বিষয়েও জোর দিয়েছেন যে, ভবিষ্যতের প্রযুক্তিগত পরিবর্তন এবং তা নিয়ন্ত্রিত করার ক্ষেত্রে গ্লোবাল সাউথ বা দক্ষিণ গোলার্ধের সমান অংশগ্রহণ থাকা উচিত ।উল্লেখ্য ব্রিকস সম্মেলন আজ শেষ হচ্ছে।

*******************

**CM-Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা রক্তদান সম্পর্কে যুবসমাজের মধ্যে আরও বেশি সচেতনতা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন| গতকাল আগরতলার ধলেশ্বরস্থিত রামকৃষ্ণ মিশন আশ্রম আয়োজিত স্বেচ্ছায় রক্তদান শিবিরে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান| তিনি বলেন, রক্তের কোনও ধর্ম, বর্ণ বা জাত হয় না। রক্তদান মানুষের মধ্যে এক গভীর মানবিক বন্ধন তৈরি

করে। মুখ্যমন্ত্রী বলেন, রামকৃষ্ণ মিশন শুধু আধ্যাত্মিক চর্চার মধ্যেই সীমাবদ্ধ নেই। শিক্ষা, স্বাস্থ্য, দক্ষতা উন্নয়ন এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় মানুষের পাশে দাঁড়িয়ে রামকৃষ্ণ মিশন দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আজও আগরতলা শহর ও শহরতলীর একাধীক রক্তদান শিবিরের উদ্বোধন করবেন|

********************

**Agriculture Minister:**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষকের আয় বাড়াতে শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি যথেষ্ট নয়| কৃষকদের বাজারের সঙ্গে যুক্ত করতে হবে। কৃষি পণ্যের সঠিক মূল্য নিশ্চিত করা, উৎপাদন খরচ কমানো এবং জাতীয় ও আন্তর্জাতিক বাজারে কৃষকদের প্রবেশাধিকার তৈরি করাও সরকারের অন্যতম লক্ষ্য। গতকাল ত্রিপুরা কলেজ অব এগ্রিকালচারের ২০তম প্রতিষ্ঠা দিবস ও গ্র্যাজুয়েশন ডে ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন| তিনি বলেন, কৃষি মানব সভ্যতার অন্যতম ভিত্তি এবং ভবিষ্যতের খাদ্য ও গ্রামীণ অর্থনীতির প্রধান চালিকাশক্তি।

*******************

**SMHA:**

রাজ্যে অনুমোদনহীন ১৯টি বেসরকারি পুনর্বাসন কেন্দ্র ও মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে স্টেট মেন্টাল হেলথ অথরিটি। গত ৯ সেপ্টেম্বর জারি করা নোটিশে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলিকে সাত দিনের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। মানসিক স্বাস্থ্যসেবা আইন, ২০১৭ অনুযায়ী বৈধ নিবন্ধন ছাড়া রিহ্যাব পরিচালনা বেআইনি। পাশাপাশি নিরাপত্তা, খাদ্যগুণ, পরিকাঠামো, প্রতিবন্ধীবান্ধব ব্যবস্থা ও বায়োমেডিক্যাল সেফটির নির্ধারিত মান না মানার অভিযোগও রয়েছে ঐ প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে।

*******************

**Third  Sopan  Testing Camp :**

ভারত স্কাউটস অ্যান্ড গাইডস'র তত্ত্বাবধানে দক্ষিন জেলার বকাফা পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে তিনদিনের  তৃতীয় সোপান টেস্টিং ক্যাম্প  গতকাল শেষ হয়েছে।  ক্যাম্পে কেন্দ্রীয় বিদ্যালয় শিলচরের অধীনস্থ ২০টি কেন্দ্রীয় বিদ্যালয়ের ছাত্র - ছাত্রীরা অংশ নেয়।  কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন শিলচর আঞ্চলিক কেন্দ্রের ডেপুটি কমিশনার অনুরাগ যাদব ক্যাম্পের সূচনা করেন।

******************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে।  আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি পাতের পরিমাণ ছিল ০.২ মিলিমিটার।  আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।  দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*********************

********************